66

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 1 0 1999

পৃষ্ঠা ২ কলাম ৫

# চলতি মাসে ছাত্রলীগের বর্ধিত সভা ॥ কেন্দ্রীয় কমিটি পূর্ণাঙ্গ করার সম্ভাবনা

আনোয়ার আলদীন ॥ একটানা দীর্ঘ প্রায় সাড়ে ৯ মাস ধরিয়া ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি অপূর্ণাঙ্গ অবস্থায় ঝুলিয়া আছে। ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের মতৈক্যের অভাবে এই কমিটির

(২য় পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## চলতি মাসে ছাত্রলীগের

(প্রথম পৃষ্ঠার পর)

শীঘ্রই পূর্ণাঙ্গ হওয়ার সম্ভাবনা ক্ষীণ।

গত বৎসরের ২২শে অক্টোবর কেন্দ্রীয় সম্মেলনের মাধ্যমে ১০১ সদস্যের ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির মধ্যে সভাপতি, সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক, সহ-সভাপতিসহ মোট ৫১ জনের নাম ঘোষণা করা হয়।

বাকী ৫০টি পদের এখনও কাহারও নাম ঘোষণা না হওয়ার ফলে সংগঠনের নেতৃত্বপ্রার্থী ত্যাগী কর্মীদের মধ্যে চরম হতাশা নামিয়া আসিয়াছে। ইতিমধ্যে গত সাড়ে ৯ মাসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাত্রলীগের সভাপতি বাহাদুর বেপারী ও সাধারণ সম্পাদক অজয় কর খোকনকে অন্ততঃ ৩ দফা কমিটি পূর্ণাঙ্গ করার নির্দেশ দিয়াছেন। ছাত্রলীগের সাবেক নেতৃবৃন্দ আওয়ামী লীগের দায়িত্বশীল নেতারাও প্রায়শঃই তাগাদা দিতেছেন। কিন্তু কমিটি পূর্ণাঙ্গ করা নিয়া গোল বাধিয়াছে সভাপতি ও সাধারণ সম্পাদকের মধ্যে। তাহারা দুইজনই স্বীয় পছন্দ ও অনুগত কর্মীদের পদ-পদবীর লড়াইয়ে অবতীর্ণ হওয়ার প্রেক্ষাপটে কমিটি চূড়ান্ত করিতে পারিতেছেন না। তবে বাহাদুর ও অজয় দুইজনই দাবী করিয়াছেন, কমিটির একটি খসড়া তৈরী হইয়াছে, যাহা অচিরেই ঘোষণা করা হইবে। এই কমিটিতে পদ-পদবীর আশায় বয়সী কর্মীরা প্রতিদিন সভাপতি ও সাধারণ সম্পাদকের নিকট ধরনা দিয়া চলিয়াছে। বৎসরের পর বৎসর কেহ কেহ ছাত্রজীবনের লাগাম টানিয়া রাখিয়াছে পদ-পদবীর আশায়। আবার কেহবা হতাশায় শেষাবধি সংগঠনের পদ-পদবীর আশা ছাড়িয়া চাকুরী ও ব্যবসায় প্রবেশ করিয়াছেন।

ইহারই মধ্যে এই মাসের শেষ সপ্তাহে ছাত্রলীগের বর্ধিত সভা আহ্বান করা হইয়াছে। ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউট মিলনায়তনে এই সভার উদ্বোধন করিবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই সভায় সংগঠনকে গতিশীল করার ও বিরোধী দলীয় আন্দোলনের বিপক্ষে কর্মসূচী গৃহীত হইবে।

ছাত্রলীগের সভাপতি বাহাদুর বেপারী ও সাধারণ সম্পাদক অজয় কর খোকন বলিয়াছেন, বর্ধিত সভার পূর্বেই ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হইবে।